অতীব জরুরি
**বিশেষ বাহক/ ফ্যাক্স/ই-মেইল মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র সংখ্যা-৩৩.০০.০০০০.১০৯.৩১.০০১.১৪-৩৪৬

তারিখঃ ০৬ আষাঢ় ১৪২৪ / ২০ জুন ২০১৭

বিষয়ঃ- ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকগণের উদ্ভাবন চর্চা বেগবান করতে তাঁদেরকে বিভিন্ন প্রণোদনা (সার্টিফিকেট/ক্রেস্ট/থ্যাংকস লেটার) প্রদানের ব্যবস্থা রাখাসহ মন্ত্রণালয়/ বিভাগের বিভিন্ন বিদেশ প্রশিক্ষণ/ট্যুর-এর ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ জেলা/ উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সদস্য এবং উদ্ভাবকগণকে অগ্রাধিকার প্রদান প্রসংঙ্গে।

সূত্রঃ- মন্ত্রিপরিষদ সচিবের ৩০ মে ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১.১৭.১৮২ সংখ্যক আধা-সরকারি পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ আধা-সরকারি পত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ প্রস্থ।

২০.০৬.২০১৭
(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৪০৭।
ই-মেইল: administration-3@mofl.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতা অনুসারে নয়)

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কারওয়ান বাজার, তেজগাঁও, ঢাকা।
২। চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৬। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৭। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, চট্টগ্রাম।
৮। উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৯। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং- ২২৯৫ তারিখ: ০৪।০৬।১৭

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১.১৭.১৮২

১৬ জ্যৈষ্ঠ ১৪২৪
তারিখ: ---------------
৩০ মে ২০১৭

*প্রিয় সহকর্মী,*

আপনি অবগত আছেন যে সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। বাংলাদেশের জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে 'ইনোভেশন টিম' গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৩ সালে একটি প্রজ্ঞাপন জারি করে। এ পরিপ্রেক্ষিতে সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে মন্ত্রণালয়/বিভাগ থেকে জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা হয়েছে।

২। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে ইনোভেশন টিমসমূহ বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে কাজ করে যাচ্ছে। এ কর্মপরিকল্পনা প্রণয়নের মূল উদ্দেশ্য হচ্ছে সেবা প্রাপ্তিতে নাগরিকের ভোগান্তি লাঘব, সেবা প্রদানের বর্তমান ব্যবস্থার উন্নয়ন বা নতুন সেবা প্রদানের মাধ্যম প্রবর্তন, নাগরিকের সঙ্গে যোগাযোগ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন এবং সরকারি-বেসরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারত্ব ইত্যাদি। এছাড়া এ টিম মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করে একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়নে জড়িত থাকেন।

৩। ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ, অধীনস্থ সংস্থা, জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন টিম ও উদ্ভাবকগণ সেবা প্রক্রিয়া সহজিকরণ ও বিভিন্ন নাগরিক সমস্যা সমাধানের পদ্ধতি উদ্ভাবন করেছে। বর্তমানে মাঠ পর্যায়ে প্রায় ৮১৭টি উদ্ভাবনী উদ্যোগ চলমান রয়েছে। ৪০৬টি প্রকল্পের পাইলটিং ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এরই ধারাবাহিকতায় ২৯১টি উদ্ভাবনী পাইলট প্রকল্পের (সমাপ্ত) পর্যালোচনা ও মূল্যায়ন সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ৪৮টি উদ্ভাবনী পাইলট প্রকল্প ১৪টি মন্ত্রণালয় ও অধিদপ্তর কর্তৃক চিহ্নিত করে সারাদেশে রেপ্লিকেশন এবং ৩৭টি প্রকল্প বৃহত্তর পাইলটিং-এর জন্য প্রক্রিয়াধীন আছে। এ সকল কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রাপ্তিতে জনগণের কষ্ট লাঘব হবে বলে আশা করি।

৪। ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকগণের উদ্ভাবন চর্চা ও উদ্যোগের ধারা চলমান রেখে এ কার্যক্রমকে আরো বেগবান করতে আপনার মন্ত্রণালয়/বিভাগের উদ্যোগে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকগণকে প্রণোদনা (সার্টিফিকেট/ক্রেস্ট/থ্যাংকস লেটার) প্রদানের ব্যবস্থা রাখাসহ বিদেশে পাঠানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। এর ফলে, ইনোভেশন টিমের সদস্যগণ এবং উদ্ভাবকগণ তাঁদের উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে জনপ্রশাসনে উদ্ভাবনী চর্চায় আরো উৎসাহিত হবে।

৫। এমতাবস্থায়, ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকগণের উদ্ভাবন চর্চা বেগবান করতে তাঁদেরকে বিভিন্ন প্রণোদনা (সার্টিফিকেট/ক্রেস্ট/থ্যাংকস লেটার) প্রদানের ব্যবস্থা রাখাসহ মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন বিদেশ প্রশিক্ষণ/ট্যুর-এর ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সদস্য এবং উদ্ভাবকগণকে অগ্রাধিকার দিতে আপনার মন্ত্রণালয়/বিভাগ আরো উদ্যোগী হবে বলে আমি আশা করি।

***শ্রদ্ধা ও শুভেচ্ছান্তে,***

আন্তরিকভাবে আপনার,

৩০.৫.১৭

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং: ৭৮৭ তারিখ: ০২/৬/১৭

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাসন / মৎস্য / প্রাণিসম্পদ) | ☐ অবিলম্বে ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (প্রশাসন-১ / প্রশাসন-২) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং)/যুগ্মপ্রধান | ☐ উপস্থাপন করুন |
| উপসচিব(.....................)/উপপ্রধান | ☐ আলোচনা করুন |
| সচিবের একান্ত সচিব | ☐ মন্তব্য / মতামত দিন |

স্বাক্ষর